গাংনীতে অভ্যন্তরীণ আমন ধান ও চাউল সংগ্রহের উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে চলতি ২০২৫-২৬ অর্থ বছরে আমন মৌসুমে অভ্যন্তরীণ ধান ও চাল সংগ্রহের উদ্বোধন করা হয়েছে।

‎‎সোমবার সকাল ১১ টায় উপজেলা প্রশাসন ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কার্যালয়ের আয়োজনে খাদ্য গুদাম চত্বরে আমন ধান ও চাউল সংগ্রহের উদ্বোধন করা হয়।

‎‎চলতি মৌসুমে গাংনীতে আমন ধান সংগ্রহের প্রস্তাবিত লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১৪৩ মেট্রিকটন, চালের লক্ষ্যমাত্রা ৩২৬ মেট্রিকটন। ধানের সরকারি মূল্য নির্ধারণ করা হয়েছে কেজি প্রতি ৩৪ টাকা এবং চাল ৫০ টাকা। এর মধ্যে উপজেলা কৃষি অফিসের আওয়াতাভুক্ত কৃষকদের কাছ থেকে সরাসরি ধান সংগ্রহ করা হবে এবং চুক্তিবদ্ধ চাল কল মালিকদের নিকট থেকে চাউল সংগ্রহ করা হবে।

‎‎এ সময় উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন, সহকারী কমিশনার (ভূমি) মোঃ নাবিদ হোসেন, উপজেলা কৃষি অফিসার ইমরান হোসেন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মোছাঃ ইশরাত জাহান,উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী (ভারপ্রাপ্ত) মাসুম বিল্লাহ, কারিগরি খাদ্য পরিদর্শক ইকবাল হোসেন, ওসি এলএসডি মোঃ মাহমুদুল হাসান, উপজেলা খাদ্য পরিদর্শক মোহাম্মদ ফাহিম ফয়সাল, উপজেলা চাল কল মালিক সমিতির সভাপতি মোঃ শহিদুল হক সহ উপজেলা বিভিন্ন কৃষক এবং চাল কল মালিকেরা।

গাংনীতে খালেদা জিয়ার

রোগমুক্তি কামনায় বিএনপির দোয়া মাহফিল

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় গাংনীতে এক দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার সন্ধ্যার পর পৌর বিএনপির উদ্যোগে সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেনের বাসভবনের সামনে এ দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

পৌর বিএনপির সাবেক সিনিয়র সহ-সভাপতি আব্দুল্লাহ আল মারুফ পলাশের সভাপতিত্বে এবং মোস্তাফিজুর রহমান বাবলুর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন মেহেরপুর-২ (গাংনী) আসনে বিএনপির মনোনীত প্রার্থী, সাবেক সংসদ সদস্য ও সাবেক জেলা সভাপতি আমজাদ হোসেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সাবেক উপজেলা চেয়ারম্যান মুরাদ আলী, উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, উপজেলা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক সাজেদুর রহমান বুলবুল, গাংনী মহিলা কলেজের সাবেক উপাধ্যক্ষ নাসিরুদ্দিন, কৃষকদলের জেলা আহ্বায়ক মাহবুবুর রহমান, কৃষকদলের সদস্য সচিব মিজানুর রহমানসহ উপজেলা ও পৌর বিএনপির নেতৃবৃন্দ।

প্রধান অতিথির বক্তব্যে আবেগঘন কণ্ঠে আমজাদ হোসেন বলেন, বেগম খালেদা জিয়া দেশের জন্য ও জাতির জন্য সারাজীবন কাজ করেছেন। আজ তিনি শারীরিকভাবে সংকটাপন্ন। তিনি শুধু বিএনপির নেত্রী নন, দেশের সর্বস্তরের মানুষের কাছে এক গ্রহণযোগ্য অভিভাবক। তার রোগমুক্তির জন্য সবাই দোয়া করছেন।” তিনি গাংনীবাসীসহ দেশের সকল মানুষের কাছে খালেদা জিয়ার দ্রুত আরোগ্যের জন্য দোয়া কামনা করেন।

দোয়া মাহফিল শেষে বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া- মোনাজাত পরিচালনা করেন মাওলানা রুহুল আমিন।

গাংনীতে বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় দোয়া মাহফিল

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দীতে বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার দ্রুত সুস্থতা ও রোগমুক্তি কামনায় এক দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকেল সাড়ে ৪টার দিকে বামন্দী সবজি হাটে এই দোয়া মাহফিলের আয়োজন করে গাংনী উপজেলা ও পৌর বিএনপি। স্থানীয় বিএনপি নেতাকর্মী ছাড়াও সাধারণ মানুষের উপস্থিতিতে এলাকাজুড়ে এক ধরনের আধ্যাত্মিক ও আবেগঘন পরিবেশ সৃষ্টি হয়।

দোয়া মাহফিলে নেতৃত্ব দেন গাংনী উপজেলা বিএনপির সভাপতি আলফাজ উদ্দিন কালু। তিনি বলেন, বেগম খালেদা জিয়া শুধু বিএনপির নেত্রী নন, তিনি বাংলাদেশের গণতান্ত্রিক আন্দোলনের প্রতীক। তাঁর অসুস্থতা আমাদের জন্য গভীর উদ্বেগের। আমরা আল্লাহর কাছে প্রার্থনা করছি, যেন তিনি দ্রুত সুস্থ হয়ে আমাদের মাঝে ফিরে আসেন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল আউয়াল, পৌর বিএনপির সভাপতি মকবুল হোসেন মেঘলা, যুবদল, স্বেচ্ছাসেবক দল, ছাত্রদলসহ বিএনপির বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতারা। নেতাকর্মীরা একসঙ্গে হাতে হাত রেখে বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় মোনাজাতে অংশ নেন।

বেগম খালেদা জিয়ার রোগমুক্তি

কামনায় গাংনীতে দোয়া মাহফিল

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় মেহেরপুরের গাংনীতে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার দুপুরে বাংলাদেশ কলেজ শিক্ষক ও কর্মচারী কল্যাণ সমিতির উদ্যোগে গাংনী মহিলা কলেজ মিলনায়তনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজ শিক্ষক সমিতির সভাপতি ও গাংনী মহিলা কলেজের সহকারী অধ্যাপক বেদারুল ইসলাম। সঞ্চালনায় ছিলেন সমিতির সাধারণ সম্পাদক আবু সায়েম পল্টু।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন „মেহেরপুর-২ আসনে বিএনপির মনোনীত প্রার্থী, সাবেক সংসদ সদস্য ও সাবেক জেলা সভাপতি আমজাদ হোসেন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সাবেক উপজেলা চেয়ারম্যান মুরাদ আলী, উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, উপজেলা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক সাজেদুর রহমান বুলবুল, গাংনী মহিলা কলেজের সাবেক উপাধ্যক্ষ নাসিরুদ্দিন, করমদি ডিগ্রি কলেজের অধ্যক্ষ ড. এমদাদুল হক, তেরাইল জোড়পুকুরিয়া ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জিনারুল ইসলাম, মহিলা ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক রফিকুল ইসলাম, গাংনী মহিলা ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক আমিরুল ইসলাম, কলেজ শিক্ষক সমিতির সাংগঠনিক সম্পাদক মোখলেছুর রহমান, কাজিপুর ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক মোকাদ্দেছুর রহমান, গাংনী পাইলট মডেল স্কুল অ্যান্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোস্তাফিজুর রহমান বাবলু, বাংলাদেশ শিক্ষক সমিতি মেহেরপুর জেলা শাখার সম্পাদক আল হেলাল এবং গাংনী উপজেলা শাখার সভাপতি জামাল হোসেন। গাংনীর বিভিন্ন কলেজের শিক্ষকবৃন্দও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন শিক্ষক কর্মচারী ঐক্যজোটের আহ্বায়ক ও গাংনী টেকনিক্যাল অ্যান্ড বিএম কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন।

প্রধান অতিথির বক্তব্যে আমজাদ হোসেন বলেন, যে দেশগুলো শিক্ষায়

উন্নত হয়েছে, বিএনপি ক্ষমতায় এলে আমরা সেই ধরনের উন্নত শিক্ষা ব্যবস্থা দেশে চালু করব। আমি সংসদ সদস্য নির্বাচিত হতে পারলে জীবনমান উন্নয়ন ও মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে কাজ করবো। শিক্ষকদের সুযোগ-সুবিধা ও সমস্যার সমাধানে কাজ করবো।

তিনি আরও বলেন, ভারতের বই ছাপানো বা তাদের কথামতো শিক্ষা নয় আমরা বিশ্বের উন্নত দেশের শিক্ষা পদ্ধতি অনুসরণ করবো। টেকসই শিক্ষা ব্যবস্থা চাইলে মানসম্মত শিক্ষক তৈরি ও তাদের সমস্যার সমাধান জরুরি।

খালেদা জিয়ার শারীরিক অবস্থা নিয়ে তিনি বলেন, আমার মা খালেদা জিয়া সারা জীবন দেশের জন্য কাজ করেছেন। আজ তিনি শারীরিকভাবে সংকটাপন্ন। তার জন্য সবাই দোয়া করবেন।তিনি জানান, খালেদা জিয়ার আশীর্বাদে তিনি আগামী সংসদ নির্বাচনে বিএনপির মনোনীত প্রার্থী হতে পেরেছেন।

আলোচনা সভা শেষে বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। দোয়া পরিচালনা করেন করমদি ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক হাফেজ কামাল হোসেন।

গাংনীতে অটোবাইকের ধাক্কায় শিশু মৃত্যু

মেহেরপুরের গাংনীতে অটোবাইকের ধাক্কায় তানিশা (৭) নামে এক কন্যাশিশুর মৃত্যু হয়েছে। গতকাল শুক্রবার দুপুরে মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের গাড়াডোব কাচারি এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত তানিশা খাতুন গাড়াডোব কাচারি পাড়ার তামিম ইকবালের মেয়ে।

স্থানীয় ইউপি সদস্য ফিরোজ আহমেদ জানান, তানিশা রাস্তা পার হওয়ার সময় একটি অটোবাইক তাকে ধাক্কা দিলে সে গুরুতর আহত হয়ে মাটিতে পড়ে যায়। তাৎক্ষণিকভাবে স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর

জেনারেল হাসপাতালে নেয়। তবে সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

গাংনীতে মনোনয়ন পুনর্বিবেচনার দাবিতে বিএনপির বিক্ষোভ মিছিল

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে মনোনয়ন পুনর্বিবেচনার দাবিতে মেহেরপুরের গাংনীতে বিক্ষোভ মিছিল করেছে বিএনপি। বৃহস্পতিবার বিকেলে গাংনী উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে এ বিক্ষোভ মিছিল বের হয়।

গাংনী উপজেলা বিএনপির কার্যালয়ের সামনে থেকে মিছিলটি শুরু হয়ে উপজেলা শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুনরায় একই স্থানে গিয়ে শেষ হয়।

বিক্ষোভ মিছিলে নেতৃত্ব দেন গাংনী উপজেলা বিএনপির সভাপতি আলফাজ উদ্দীন কালু, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আখেরুজ্জামান, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওছার আলী, পৌর বিএনপির সভাপতি মকবুল হোসেন মেঘলা ও সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম।

এ সময় আরও উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির নেত্রী ফরিদা পারভীন, বামন্দী ইউনিয়ন বিএনপির সভাপতি রাশিদুল ইসলাম সোহাগ, মটমুড়া ইউনিয়ন বিএনপির সভাপতি হামিদুল হক, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক সুমন এডাম, ইমন হোসেন, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুল ইসলাম বিপ্লব, গাংনী উপজেলা ছাত্রদলের সভাপতি রিপন হোসেনসহ উপজেলা ও ইউনিয়ন বিএনপির বিভিন্ন স্তরের নেতাকর্মীরা।

বক্তারা অভিযোগ করেন, জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টনকে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে মনোনয়ন না দেওয়ার পর থেকেই গাংনীসহ জেলায় দলের নেতাকর্মীদের মধ্যে ক্ষোভ বিরাজ করছে। তার প্রতি দলের নেতা-কর্মীদের আস্থা ও গ্রহণযোগ্যতা থাকা সত্ত্বেও মনোনয়ন না দেওয়া অন্যায় হয়েছে বলে দাবি করেন তারা।

জাভেদ মাসুদ মিল্টনকে মনোনয়ন দেওয়ার দাবিতে শান্তিপূর্ণভাবে কর্মসূচি চলবে বলে জানান নেতারা। তারা বলেন, দলের চূড়ান্ত মনোনয়নে জাভেদ মাসুদ মিল্টনের নাম অন্তর্ভুক্ত না করা হলে আন্দোলন আরও বেগবান করা হবে।

গাংনীতে কাঠাল গাছের সাথে ধাক্কা, প্রাণ গেলো মটরসাইকেল আরোহীর

মেহেরপুরের গাংনীতে কাঠাল গাছের সাথে মোটরসাইকেলের ধাক্কায় রানা আহম্মেদ (১৭) নামের এক কিশোর নিহত হয়েছে।

আজ বুধবার দুপুরে সাহেবনগর গ্রামের তালতলা মোড় নামক স্থানে মোটরসাইকেল যোগে বাড়ি ফেরার পথে এ দূর্ঘটনাটি ঘটে। নিহত রানা আহম্মেদ বামন্দী ইউনিয়নের নিশিপুর গ্রামের হামিদুল ইসলামের ছেলে।

স্থানীয়রা জানাান, রানা আহম্মেদ মোটর সাইকেল যোগে সাহেবনগর থেকে নিজ বাড়ি নিশিপুরে ফিরছিল। দ্রুতগতিতে আসা মোটরসাইকেলটি সাহেবনগর গ্রামের তালতলা মোড় নামক স্থানে পৌছুলে সে মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে একটি কাঁঠাল গাছে সাথে ধাক্কা মারে। এতে দুমড়ে মুছড়ে যায় তার মোটরসাইকেলটি। এবং গুরুত্বর আহত হয় কিশোর রানা। স্থানীয়রা তাকে উদ্ধার করে চিকিৎসার জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নিয়ে গেলে সেখানে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানি ইসরাফিল বলেন, আমি ঘটনাস্থল পরিদর্শন করেছি, আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধিন রয়েছে।

গাংনীতে পানিতে ডুবে শিশুর মৃত্যু

মেহেরপুরের গাংনীতে পুকুরের পানিতে ডুবে আইমান আলী (৩) নামের এক শিশুর মৃত্যু হয়েছে। আজ বুধবার সকালে উপজেলার ধানখোলা ইউনিয়নের কসবা গ্রামে এ ঘটনা ঘটে।

শিশু আইমান উপজেলার ধানখোলা ইউনিয়নের কসবা গ্রামের মোঃ বশির মীরের ছেলে।

স্থানীয়রা জানান, বুধবার সকালের দিকে আইমান খেলা করতে বাড়ি থেকে বের হয।পরিবারের লোকজন অনেক খোঁজাখুঁজি করে। পরে প্রতিবেশীরা তাকে একটি পুকুরের পানিতে ভাসতে দেখে। এসময় আহত আইমানকে উদ্ধার করে দ্রুত গাংনী হাসপাতালে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের চিকিৎসক তাসমেরী খাইরুন নাহার বলেন, উপজেলার কসবা গ্রামের তিন বছরের শিশু আইমানকে হাসপাতালে আনা হয়েছিল।এ সময় আমরা তাকে মৃত অবস্থায় পাই। আইমানকে মৃত্যু অবস্থায় হাসপাতালে আনা হয়েছিল।

ধানখোলা ইউনিয়ন পরিষদের ৫ নং ওয়ার্ডের ইউপি সদস্য রেজাউল ইসলাম বলেন, শিশু আইমানকে পুকুরের পানিতে ভাসতে দেখে স্থানীয়রা দ্রুত উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: বানী ইসরাইল জানান, পানিতে ডুবে শিশুর মৃত্যুর খবর শুনে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

গাংনীতে গাঁজাসহ আটক- ২

মেহেরপুরের গাংনীতে গাঁজাসহ দুই যুবককে আটক করেছে র্যাপিড অ্যাকশন ব্যাটেলিয়ন (র্যাব)। গতকাল মঙ্গলবার রাতে পৌর শহরের রাজা ক্লিনিক এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো- গাংনী উপজেলার চিতলা গ্রামের আশাদুল ইসলামের ছেলে নাসিম (১৯) এবং একই গ্রামের রেজাউল হকের ছেলে রাশেদুল ইসলাম (২৩)।

র্যাব-১২ এর কোম্পানি কমান্ডার লেফটেন্যান্ট ওয়াহিদুজ্জামান (এস), বি এন বিষয়টি নিশ্চিত করে জানান, গোপন সংবাদের ভিত্তিতে র্যাবের একটি চৌকস দল পৌর শহরের রাজা ক্লিনিক এলাকায় অবস্থান নেয়।

এসময় সন্দেহভাজন দুই যুবককে আটক করা হয়। পরে তাদের কাছ থেকে ১ কেজি গাঁজা,২টি মোবাইল ফোন, ৩টি সিমকার্ড এবং একটি মোটরসাইকেল জব্দ করা হয়।

আটক নাসিম ও রাশেদুলের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে বলেও জানান র্যাবের ওই কর্মকর্তা।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ বানী ইসরাইল জানান, আটক হওয়া দুইজনকে র্যাব গাংনী থানায় হস্তান্তর করেছে।

গাংনী ও বারাদি বাজারে আরডিআরএস এর নতুন শাখার উদ্বোধন

মেহেরপুরের গাংনী ও বারাদি বাজারে আরডিআরএস এর দুইটি নতুন শাখার উদ্বোধন করা হয়েছে। আজ মঙ্গলবার সকালে ও দুপুরে ক্ষুদ্রঋণ